# ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

পদ্মা ভবন, স্ট্র্যান্ড রোড, সদরঘাট, চট্টগ্রাম-৪০০০

সূত্র নং: ২৮.২৮.০০০০.১০০.৯৯.০২৪.২১/৫৭ তারিখ: ১৫.১২.২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড (ইএলবিএল) এ নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে অন-লাইনে (On-line) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | বেতন-স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত/পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স (সর্বোচ্চ) |
|---|---|---|---|---|---|
| ০১ | উপ-ব্যবস্থাপক (পরিচালন) | ৩৫,৫০০-৬৭,০১০/- | ১ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/সিভিল/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/পেট্রোলিয়াম/কেমিক্যাল) ডিগ্রী।<br>কমপক্ষে ১টি প্রথম শ্রেণি /বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>কোন প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পদের কর্মকর্তা হিসেবে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | ৩৬ বছর |
| ০২ | সহকারী ব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন) | ২২,০০০-৫৩,০৬০/- | ১ | এমকম (ব্যবস্থাপনা/এইচআরএম)/এমবিএ (ব্যবস্থাপনা/এইচআরএম)/এমএসএস (লোক প্রশাসন)।<br>কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | ৩০ বছর (শুধু মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধিদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর) |
| ০৩ | সহকারী ব্যবস্থাপক (হিসাব ও অর্থ) | ২২,০০০-৫৩,০৬০/- | ১ | এমকম/এমবিএ/এমবিএস।<br>কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/ বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>সিএ কোর্স সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে। | ঐ |
| ০৪ | সহকারী ব্যবস্থাপক (নিরীক্ষা) | ২২,০০০-৫৩,০৬০/- | ১ | এমকম/এমবিএ/এমবিএস।<br>কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি /বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>সিএ কোর্স সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে। | ঐ |
| ০৫ | সহকারী ব্যবস্থাপক (পরিচালন) | ২২,০০০-৫৩,০৬০/- | ১ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/সিভিল/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/পেট্রোলিয়াম/কেমিক্যাল) ডিগ্রী।<br>কমপক্ষে ১টি প্রথম শ্রেণি /বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি /বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৬ | কনিষ্ঠ কর্মকর্তা (একান্ত সচিব) | ১৬,০০০-৩৮,৬৪০/- | ১ | এমএ/এমবিএ (ব্যবস্থাপনা/ এইচআর)/ এমকম (ব্যবস্থাপনা/ এইচআর)/এমবিএ (ব্যবস্থাপনা/ এইচআর)/ এমএসএস (লোক প্রশাসন)।<br>কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ /সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | ঐ |
| ০৭ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৯,৩০০-২০,৪৯০/- | ২ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশসহ কম্পিউটারে এমএস অফিস এর সম্যক জ্ঞান থাকতে হবে। বাংলা টাইপিংয়ে গতি প্রতি মিনিটে ২০টি শব্দ এবং ইংরেজী টাইপিংয়ে গতি প্রতি মিনিটে ২০টি শব্দ থাকতে হবে। | ঐ |
| ০৮ | ইলেকট্রিশিয়ান | ৯,৩০০-২০,৪৯০/- | ১ | ৮ম শ্রেণি পাশসহ যথাযথ কর্তৃপক্ষ হতে প্রাপ্ত বৈধ ইলেকট্রিক্যাল লাইসেন্সধারী ও ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | ঐ |

**<u>আবেদনকারীদের জন্য প্রযোজ্য শর্তাবলী:</u>**

১। নিয়োগের ক্ষেত্রে কোম্পানির বিদ্যমান বিধি-বিধান, সরকার নির্দেশিত কোটা এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

২। লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষার ক্ষেত্রে টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। একজন প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কেবলমাত্র ০১ (এক) টি পদের বিপরীতে দরখাস্ত করতে পারবেন এবং একই পদের জন্য একাধিক দরখাস্ত বা একাধিক ক্রমিকের জন্য দরখাস্ত করা হলে সকল দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

৪। প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদন জমাদানের শেষ তারিখে সংশ্লিষ্ট পদের বিপরীতে বর্ণিত বয়সের অধিক হবে না। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। ২ নং থেকে ৮ নং ক্রমিকে উল্লিখিত পদে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৫। জিপিএ তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ/শ্রেণী নির্ধারণের ক্ষেত্রে এতদ্বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করা হবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী বা সমপর্যায়ের জিপিএ গ্রহণযোগ্য হবে না। এছাড়া, appeared প্রার্থীগণ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে না।

৬। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তানুযায়ী অভিজ্ঞতা থাকতে হবে। কোন পদের বিপরীতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষাগত ডিগ্রী প্রাপ্তির পূর্বের চাকুরীর অভিজ্ঞতা ঐ পদের জন্য সংশ্লিষ্ট অভিজ্ঞতা হিসেবে বিবেচিত হবে না।

৭। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষাগত যোগ্যতা পাবলিক বা ইউজিসি অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সম্পন্ন করতে হবে। বিদেশি কলেজ/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে সমতুল্য সনদ দাখিল করতে হবে।

৮। সরকারি/আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।

৯। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত ও নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১০। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে জানানো হবে। এছাড়াও, ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেডের ওয়েবসাইটের মাধ্যমেও জানা যাবে।

১২। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য **www.elbl.portal.gov.bd/www.elbl.gov.bd** এ পাওয়া যাবে।

১৩। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিয়ে পূরণকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল হবে এবং এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তাঁর প্রদত্ত তথ্য কোন মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। প্রার্থীগণকে মৌখিক পরীক্ষা অংশগ্রহণের সময় সকল মূল দলিলাদি/সার্টিফিকেট এর মূলকপি, যেমন- শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, জাতীয় পরিচয়পত্র (এনআইডি)/মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্র, নাগরিকত্বের প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদর্শন করতে হবে এবং অনলাইনে পূরণকৃত application form এর কপি সহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপুর্বক উপরোল্লিখিত দলিলাদির এক সেট ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র বা কন্যা হলে, তিনি যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র বা কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি কোম্পানি কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

১৫। প্রার্থীগণকে চূড়ান্ত নিয়োগ লাভের পূর্বে স্বাস্থ্য পরীক্ষায় (ডোপ টেস্টসহ) উত্তীর্ণ হতে হবে।

১৬। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রয়োজনবোধে এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন, বাতিল এবং প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

১৭। **Online-এ আবেদন পত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি :**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে **http://elbl.teletalk.com.bd** এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫.১২.২০২১ খ্রি: সকাল: ৯.০০ ঘটিকা।

II) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪.০১.২০২২ খ্রি: বিকাল: ৫.০০ ঘটিকা।

উক্ত সময়-সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষা ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থীর Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষা সময় ০১ (এক) কপি জমা দিবেন।

১৮। **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষা ফি প্রদান**:

ক) Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন।

Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষা ফি বাবদ ১ থেকে ৬ নং ক্রমিকের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ৭ থেকে ৮ নং ক্রমিকের জন্য ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা Teletalk সার্ভিস চার্জসহ অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টা মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষা ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

১ম SMS: ELBL<space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

২য় SMS: ELBL<space> Yes <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

খ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://elbl.teletalk.com.bd** অথবা ইএলবিএল এর **www.elbl.portal.gov.bd/www.elbl.gov.bd** এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

গ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঘ) শুধু Teletalk Prepaid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID Serial এবং PIN পূনরুদ্ধার করতে পারবেন।

I) User ID জানা থাকলে ELBL<space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: ELBL Help User ABCDEF & Send to 16222

II) PIN নম্বর জানা থাকলে ELBL<space>Help<space> PIN <space>PIN No & Send to 16222. Example ELBL Help PIN 12345678 & Send to 16222

ঙ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ারে যোগাযোগ করুন।